

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড,  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**দরপত্র বিজ্ঞপ্তি**

নথি নং- ০৮.০১.০০০০.০০৩.৩২.০১৬.১৫ (অংশ)- ৭২৪

তারিখ- ২১/০৪/২০১৬ খ্রিঃ।

এতদ্বারা জাতীয় রাজস্ব বোর্ড ২০১৫-২০১৬ অর্থ বৎসরে নিম্নবর্ণিত কাজের জন্য দি পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট, ২০০৬ এবং দি পাবলিক প্রকিউরমেন্ট রুলস্, ২০০৮ (সংশোধন ২০০৯ ও ২০১০) খ্রিঃ এর ৬১ বিধি মোতাবেক প্রকৃত বাংলাদেশী আমদানিকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে প্রতিযোগিতামূলক দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	সংগ্রাহক সত্তা ও তথ্যাদির বিবরণ	আগ্রহী দরদাতাদের জ্ঞাতব্য ও যোগ্যতার বিবরণী
১।	মন্ত্রণালয়/বিভাগ	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২।	সংস্থা	জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৩।	ক্রয়/সংগ্রহের স্বত্বাধিকারীর নাম	দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), কক্ষ নং-৪০১, ৪র্থ তলা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৪।	ক্রয়/সংগ্রহের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র
৫।	অর্থায়নের উৎস	রাজস্ব বাজেট
৬।	দরপত্র গ্রহণ ও খোলার স্থান	দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), কক্ষ নং-৪০১, ৪র্থ তলা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৭।	দরপত্র প্রকাশের তারিখ	২৬/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে
৮।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১২/০৫/২০১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত
৯।	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	১৬/০৫/২০১৬ খ্রিঃ তারিখ দুপুর ০১.০০ টা পর্যন্ত
১০।	দরপত্র খোলার তারিখ ও সময়	১৬/০৫/২০১৬ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ টা
১১।	দরপত্র প্রাপ্তির স্থান	দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), কক্ষ নং-৪০১, ৪র্থ তলা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১২।	প্রতিষ্ঠান/ঠিকাদারের যোগ্যতা	প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠান
১৩।	বিশেষ শর্তাবলী	(ক) দরপত্র সম্পর্কিত সকল কার্যাদি The Public Procurement Act, 2006 ও The Public Procurement Rules, 2008 অনুযায়ী পরিচালিত হবে। (খ) দরপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি সত্যায়িত করে অবশ্যই দাখিল করতে হবে। (১) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স। (২) হালনাগাদ আয়কর সংক্রান্ত সনদপত্র। (৩) ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র। (৪) আর্থিক যোগ্যতার সনদপত্র। (৫) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)
১৪।	কাজের সংক্ষিপ্ত বিবরণঃ	
	কাজের নাম (সিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক)	পরিমাণ/বস্ত্র
	(১) ব্রান্ড নিউ কার আসন সংখ্যা : ০৫ (পাঁচ) গাড়ীচালক সহ	০৪
		দরপত্র জামানত (ফেরতযোগ্য/ সমন্বয়যোগ্য)
		৩,৬২,৪০০/- ( তিন লক্ষ বাষট্টি হাজার চারশত) টাকা দরপত্র জামানত জমা দিতে হবে।
		কোটেশন দলিলের মূল্য (অফেরতযোগ্য)।
		প্রতিটি সিডিউল এর মূল্য ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা মাত্র।
		কাজ বাস্তবায়ন/ মিনিবাস সরবরাহের সময়সীমা
		চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে পরবর্তী ১৪ দিবসের মধ্যে।
১৫।	দরপত্র আহবানকারীর অফিসের ঠিকানা	দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), কক্ষ নং-৪০১, ৪র্থ তলা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬।	দরপত্র আহবানকারীর যোগাযোগের নম্বর	ফোন : ৯৩৫৪৩২৪
১৭।	আগ্রহী প্রার্থীগণ বর্ণনা মোতাবেক দরপত্র ড্রপ করতে পারবেন, সে ক্ষেত্রে দরপত্র খামের বিষয় উল্লেখ করতে হবে।	

*(Handwritten signature)*

বিশেষ জ্ঞাতব্য :


- ০১। নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদনের মাধ্যমে দরপত্র ক্রয় করতে হবে।
- ০২। দরপত্রের সাথে দরপত্র জামানত বাবদ উল্লিখিত টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে।
- ০৩। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৪। দরপত্রের সাথে প্রযোজ্য সকল দলিলাদি দাখিল না করা হলে ঐ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। নির্বাচিত দরপত্রদাতাকে প্রযোজ্য মূসক ও অগ্রিম আয়কর পরিশোধ করতে হবে।

বিঃ দ্রঃ

দরপত্র গ্রহণের শেষ দিবসে এবং খোলার দিবসে যদি কোন ছুটি থাকে অথবা অন্য অনিবার্য কারণে অফিস বন্ধ থাকলে, ঐ দিবসের পরবর্তী কার্যদিবস প্রযোজ্য হবে।

**Special Instruction :**

- a) দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), কক্ষ নং-৪০১, ৪র্থ তলা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা হতে সিডিউল সরাসরি সংগ্রহ করতে হবে।
- b) জামানতের টাকা যে কোন তফসিলী ব্যাংক হতে দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করতে হবে।
- c) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র দাখিল না করলে তা সরাসরি বাতিল করা হবে এবং তা Open না করেই অংশগ্রহণকারীর নিকট ফেরত প্রদান করা হবে।
- d) কোন কারণে দরপত্র কার্যক্রম বাতিল/বিলম্বিত হলে দরপত্রে অংশগ্রহণের জন্য দরদাতা/দরদাতাগণ কোনরূপ ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না। নির্ধারিত সময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। নির্বাচিত রেসপনসিভ সরবরাহকারী নিজ খরচে পণ্য নির্দিষ্ট স্থানে পৌঁছে দিবেন।
- e) দরপত্রে কোনরূপ সংশোধন হলে তা এই দরপত্র বিজ্ঞপ্তির অংশ হিসেবে গণ্য করা হবে এবং দরপত্রদাতা তা পালনে বাধ্য থাকবে।



(মোঃ মোস্তফা কামাল)  
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।